দৈনিক সংবাদ

JUN. 16 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১১ কলাম .. ৫....

# ঢা.বি উপাচার্য প্যানেল নির্বাচন সোমবার

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ১৭ই জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচিত ৩ জন সদস্যের মধ্য থেকে ১জনকে চ্যান্সেলর আগামী ৪ বছরের জন্য উপাচার্য হিসেবে নিয়োগ দেবেন।

সরকার সমর্থক সাদা দল ইতোমধ্যে তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেছে। আওয়ামী লীগ সমর্থিত নীল দল আজ প্রার্থীদের নাম ঘোষণা করতে পারে বলে দলীয় সূত্রে জানা গেছে। সাদা দলের প্রার্থীরা হচ্ছেন ঃ বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আ. ফ. ম ইউসুফ হায়দার ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান।

বিশ্ববিদ্যালয়ের ১০৪ জন সিনেট সদস্যের মধ্যে বর্তমান ৭৪ জন সদস্যের সরাসরি ভোটে উপাচার্য প্যানেল নির্বাচন হবে। বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে উপাচার্যের বক্তৃতাশেষে ভোট গ্রহণ শুরু হবে।